# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ,ঢাকা।

নং ২৬৪/ /২০১২ এস সি (এডি)

তারিখঃ ২৬/০১/১২

## পুনঃকোটেশন আহবান

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ৪ জন গাড়ী চালক (পুরুষ) কর্মচারীর ব্যবহারের জন্য নিম্নবর্ণিত গ্রীষ্মকালীন সাজ-পোশাক সমূহ সরকারী বিধি মোতাবেক সরবরাহের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে কোটেশন আহবান করা যাইতেছেঃ-

| ক্রমিক | দ্রব্যের নাম | পরিমান |
|---|---|---|
| ১। | চকলেট কালারের হাফ সাফারী | ১২ সেট |
| ২। | ক্যাপ | ৮ টি |
| ৩। | কালো জুতা | ৮ জোড়া |
| ৪। | স্যান্ডেল সু | ৮ জোড়া |
| ৫। | কালো মোজা | ১৬ জোড়া |
| ৬। | কালো ছাতা | ৪ টি |
| ৭। | নাম ফলক | ৪ টি |

## কোটেশন শর্তাবলী

১। আগামী ৩০/০১/২০১২ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকায় পর্যন্ত আপীল বিভাগের সহকারী রেজিস্ট্রার (প্রশাসন) এর কক্ষে রক্ষিত বাক্সে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২:১৫ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বক্স খোলা হইবে।

২। কোটেশনে উক্ত মালামালের মূল্য পৃথকভাবে উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুষঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।

৩। কোটেশনের সহিত মোট উদ্ধৃত্ত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।

৪। কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে কোটেশনে উল্লেখিত মালামাল সরবরাহ পূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতঃ চালানসহ ৩(তিন) কপি বিল অত্র অফিসের কোর্ট অফিসার শাখায় দাখিল করিতে হইবে।

৫। অসম্পূর্ন, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।

৬। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে

২৬/১/১২

(মোঃ ইসহাক মিয়া)
ডেপুটি রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা

প্রচারের জন্য অনুলিপিঃ-

১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
৪। নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
৫। নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
৬। নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।